দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 3 1999 ...
পৃষ্ঠা 2 কলাম ৩

108

# আইবিএম বাংলাদেশে শিক্ষা কেন্দ্র খুলবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চলতি বছর এপ্রিলে বাংলাদেশে বিশ্ব-খ্যাত কম্পিউটার কোম্পানি আইবিএম-এর অনুমোদিত কম্পিউটার শিক্ষা কেন্দ্রের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এই শিক্ষা কেন্দ্রে আইবিএম-এর পার্টনার হলো ইন্টার গ্লোবাল বিজনেস সিস্টেমস।

সোমবার ঢাকা ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে একথা জানানো হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন বেলজিয়ামের আইবিএম লার্নিং সার্ভিসের মহাব্যবস্থাপক ডেভিড থমাস, আসিয়ান ও দক্ষিণ এশিয়ার আইবিএম লার্নিং সার্ভিসের ব্যবস্থাপক শোননা লী, ফিলিপাইনের আইবিএম লার্নিং সার্ভিসের মহাব্যবস্থাপক রয় আবেসামিস, আইবিএম-এর কান্ট্রি ম্যানেজার সাজ্জাদ হোসাইন, ইন্টার গ্লোবাল বিজনেস সিস্টেমসের চেয়ারম্যান রেজা হোসাইন এবং ব্যবস্থাপনা পরিচালক আসিফ হোসাইন।

ডেভিড থমাস বলেন ঃ বিশ্বে তথ্য-প্রযুক্তির চাহিদা বাড়ছে দিনদিন। একই সঙ্গে তাল মিলিয়ে বাড়ছে প্রোগ্রামারের চাহিদা। উন্নত দেশগুলো এককভাবে এই চাহিদা পূরণ করতে পারছে না। মূলত ভারত, ইসরায়েল এবং আয়ারল্যান্ড এই চাহিদা পূরণ করে। কিন্তু এই দেশগুলোতে প্রোগ্রামার তৈরি ব্যয়বহুল হয়ে পড়ছে। বাংলাদেশের মতো স্বল্প উন্নত দেশগুলো এই সুবর্ণ সুযোগ গ্রহণ করতে পারে। বিশেষ করে এই সেক্টরে বাংলাদেশের সম্ভাবনা উজ্জ্বল। বাংলাদেশ সরকার ইতোমধ্যে এই সেক্টরকে 'থ্রাস্ট সেক্টর' হিসেবে ঘোষণা করেছে।

আইবিএম অনুমোদিত শিক্ষা কেন্দ্র এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। বর্তমানে পৃথিবীর ৫৬টি দেশে আইবিএম অনুমোদিত শিক্ষা কেন্দ্র আছে। এই কেন্দ্রগুলো থেকে প্রতিবছর উল্লেখযোগ্যসংখ্যক শিক্ষার্থী সরাসরি আইবিএম থেকে সার্টিফিকেট পেয়ে থাকে।

শিক্ষা কেন্দ্রটির চেয়ারম্যান রেজা হোসাইন বলেন, এই শিক্ষা কেন্দ্র ৭টি কারিকুলামে শিক্ষাদান করবে এবং প্রতিটি ক্ষেত্রেই আলাদা আলাদা সার্টিফিকেট দেয়া হবে। আমরা প্রথম ঢাকার পান্থপথে একটি সেন্টার খুলব। তারপর চাহিদা থাকলে আরো শাখা খোলার চিন্তা আছে আমাদের।

আইবিএম বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সাজ্জাদ হোসাইন বলেন, সফটওয়্যার রপ্তানির কাঁচামাল হলো দক্ষ কম্পিউটার জনশক্তি। বাংলাদেশেরও এ ক্ষেত্রে বিপুল সম্ভাবনা আছে। এই সুযোগ কাজে লাগানোর লক্ষ্যেই এগিয়ে এসেছে আইবিএম।